দৈনিক সংবাদ

12

তারিখ 19 JUL 1990
পৃষ্ঠা ... ৯ ... কলাম ... ৫

# কুমিল্লা বোর্ডের উচ্চ মাধ্যমিক পরীক্ষার বাণিজ্যনীতি পরীক্ষা বাতিল

কুমিল্লা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের ১৯৯০ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার গত ১৭ই জুলাই তারিখের পূর্বাহ্নে অনুষ্ঠিত বাণিজ্যনীতি প্রথমপত্রের পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হওয়ার প্রেক্ষিতে এই পরীক্ষা বাতিল ঘোষণা করা হয়েছে।

বাণিজ্যনীতির প্রথমপত্রের ঐ পরীক্ষা আগামী ৯ই আগস্ট বৃহস্পতিবার পূর্বাহ্নে সকাল ১০টা হতে ১টা) অনুষ্ঠিত হবে। পরীক্ষার্থীদেরকে স্ব স্ব পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হয়ে পরীক্ষায় অংশগ্রহণ করার নির্দেশ দেয়া হয়েছে। খবর তথ্য বিবরণীর।